# আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে প্রধানমন্ত্রীর বাণী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে দেওয়া বাণীতে প্রধানমন্ত্রী তারেক রহমান বলেন, বাংলা ভাষা আমাদের জাতিসত্তার প্রধান পরিচায়ক। একুশের চেতনা ছিল গণতন্ত্র, ন্যায় ও সমঅধিকার প্রতিষ্ঠার অঙ্গীকার, যা ধারণ করেই দেশ এগিয়ে চলছে।

শনিবার (২১ ফেব্রুয়ারি ২০২৬) মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন উপলক্ষে শুক্রবার তিনি এ বাণী প্রদান করেন।

বার্তায় তিনি বিশ্বের সব ভাষাভাষী মানুষকে শুভেচ্ছা জানিয়ে ১৯৫২ সালের ভাষা আন্দোলনের শহীদদের গভীর শ্রদ্ধায় স্মরণ করেন। তাদের আত্মত্যাগের মধ্য দিয়েই বাংলা রাষ্ট্রভাষার স্বীকৃতি পায় বলে তিনি উল্লেখ করেন।

প্রধানমন্ত্রী আবুল বরকত, আবদুস সালাম, রফিকউদ্দিন আহমদ, আব্দুল জব্বারসহ ভাষা শহীদদের স্মরণ করে বলেন, তাদের রক্তদানের মধ্য দিয়ে পূর্ব বাংলার দীর্ঘ বঞ্চনার বিরুদ্ধে প্রতিরোধের সূচনা হয়। ভাষা আন্দোলন শুধু ভাষার মর্যাদা প্রতিষ্ঠাই করেনি, বরং স্বাধিকার ও স্বাধীনতার সংগ্রামের ভিত রচনা করেছে। একুশের পথ ধরেই মুক্তিযুদ্ধের মাধ্যমে স্বাধীন বাংলাদেশের অভ্যুদয় ঘটে।

LENS ASIA

তিনি বলেন, মাতৃভাষার জন্য বাঙালির ত্যাগের স্বীকৃতিস্বরূপ UNESCO ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা করেছে। আজ এ দিনটি বিশ্বব্যাপী ভাষার বৈচিত্র্য সংরক্ষণ ও মর্যাদা রক্ষার প্রতীক।

ভাষা শহীদদের আদর্শ এবং দেশের গণতান্ত্রিক সংগ্রামের চেতনাকে ধারণ করে একটি মানবিক, নিরাপদ ও স্বনির্ভর রাষ্ট্র গঠনে সবাইকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান তিনি। শেষে সকল ভাষা শহীদদের মাগফেরাত কামনা করে দিবসের কর্মসূচির সফলতা প্রত্যাশা করেন প্রধানমন্ত্রী।